



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পানি সম্পদ মন্ত্রণালয়  
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা  
৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫  
www.warpo.gov.bd

তারিখ: ২০ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ  
০৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ


নম্বর: ৪২.০২.০০০০.০০০.০০৪.১৪.০০০১.২৫.৮২

### অফিস আদেশ

পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর নিম্নবর্ণিত কর্মকর্তা/কর্মচারীকে ওয়ারপো কর্তৃক বাস্তবায়নাধীন “জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজন ও মিঠা পানির প্রাপ্যতার জন্য দক্ষিণ-পশ্চিম হাইড্রোলজিক্যাল অঞ্চলে ভূ-তাত্ত্বিক জরিপ এবং গাণিতিক মডেলের মাধ্যমে অ্যাকুইফার ম্যাপিং প্রণয়ন” শীর্ষক কারিগরি প্রকল্পে তাঁদের বর্তমান পদের দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে নিয়োগ করা হলো।

ক্রমিক নং	কর্মকর্তা/কর্মচারীগণের নাম ও বর্তমান পদ	প্রকল্পে নিয়োগকৃত পদ (অতিরিক্ত দায়িত্ব)	প্রকল্পের দায়িত্বসমূহ
০১	জনাব এ. এম. জোরাব বৈজ্ঞানিক কর্মকর্তা (সহকারী প্রোগ্রামার), কম্পিউটার এবং তথ্য শাখা, প্রধান কার্যালয়, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা	উপ-প্রকল্প পরিচালক	(১) উপ-প্রকল্প পরিচালক প্রকল্পের সকল কাজের অগ্রগতির বিষয়ে প্রকল্প পরিচালককে নিয়মিত অবহিত রাখবেন; (২) প্রকল্প বাস্তবায়নে প্রকল্প পরিচালককে সার্বিক সহায়তা করবেন; (৩) প্রকল্পের সাথে সংশ্লিষ্ট সকল দাপ্তরিক নির্দেশনা ও সরকারি নীতিমালা অনুসরণ করবেন; (৪) প্রকল্পের পরামর্শক/ঠিকাদার প্রতিষ্ঠানের সকল কার্যক্রম প্রকল্প পরিচালকের পরামর্শক্রমে সমন্বয় করবেন; (৫) প্রকল্প পরিচালককে সংশ্লিষ্ট কার্য, পণ্য ও সেবা ক্রয় কার্যক্রমে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন; (৬) উপ-প্রকল্প পরিচালক হিসেবে নির্ধারিত সময়কালীন দায়িত্ব বহাল থাকবে এবং কর্তৃপক্ষের নির্দেশক্রমে পরিবর্তনযোগ্য।
০২	জনাব মোঃ তানজিমুল আলম বৈজ্ঞানিক কর্মকর্তা/ সহকারী প্রকৌশলী (ভূপরিস্থ পানি), পানি সম্পদ শাখা, প্রধান কার্যালয়, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা	সহকারী প্রকল্প পরিচালক	(১) সহকারী প্রকল্প পরিচালক প্রকল্পের সকল কাজের অগ্রগতির বিষয়ে প্রকল্প পরিচালককে নিয়মিত অবহিত রাখবেন; (২) প্রকল্প বাস্তবায়নে প্রকল্প পরিচালক ও উপ-প্রকল্প পরিচালককে সার্বিক সহায়তা করবেন; (৩) প্রকল্পের সাথে সংশ্লিষ্ট সকল দাপ্তরিক নির্দেশনা ও সরকারি নীতিমালা অনুসরণ করবেন; (৪) প্রকল্প পরিচালক ও উপ-প্রকল্প পরিচালককে সংশ্লিষ্ট কার্য, পণ্য ও সেবা ক্রয় কার্যক্রমে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন; (৫) সহকারী প্রকল্প পরিচালক হিসেবে নির্ধারিত সময়কালীন দায়িত্ব বহাল থাকবে এবং কর্তৃপক্ষের নির্দেশক্রমে পরিবর্তনযোগ্য।
০৩	জনাব মোঃ শিহাব উদ্দিন জিহাদ হিসাব রক্ষক, প্রশাসন শাখা, প্রধান কার্যালয়ে সংযুক্ত, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা	হিসাব রক্ষক কর্মকর্তা	(১) প্রকল্পের সার্বিক হিসাব সংরক্ষণ করবেন; (২) প্রকল্পের সমস্ত আর্থিক বিবরণী প্রস্তুত করবেন; (৩) প্রকল্প পরিচালক কর্তৃক প্রদত্ত প্রকল্পের অন্যান্য কার্যক্রমে সহায়তা প্রদান করবেন।

২। সরকারি বিধি অনুযায়ী দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন এবং জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



০৪-০৯-২০২৫  
মোহাম্মদ লুৎফুর রহমান  
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)  
৪৪৮১৯০০৬, ৪৪৮১৯০১৫  
dg@warpo.gov.bd


নম্বর: ৪২.০২.০০০০.০০০.০০৪.১৪.০০০১.২৫.৮২/১ (৭)

তারিখ: ২০ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ  
০৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (সকল), পানি সম্পদ পরিকল্পনা সংস্থা।
- ২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), ওয়ারপো।
- ৩। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (ভূগর্ভস্থ পানি), পানি সম্পদ শাখা, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা।
- ৪। বৈজ্ঞানিক কর্মকর্তা (সহকারী প্রোগ্রামার), কম্পিউটার ও তথ্য শাখা, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা।
- ৫। কর্মকর্তা (সকল), ওয়ারপো।
- ৬। নির্বাহী প্রকৌশলী (সকল), জেলা কার্যালয়, ওয়ারপো।
- ৭। একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা।





০৪-০৯-২০২৫  
প্রকৌশলী মোঃ আরিফ আবেদীন  
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (ভূগর্ভস্থ পানি) ও  
প্রকল্প পরিচালক (সংশ্লিষ্ট প্রকল্প)